**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

## সংবাদ গতিধারা

**ঢাকা, সোমবার ১৩ জুলাই ২০১৫, ২৯ আষাঢ় ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। দ্বিতীয় একদিনের ওডিআই ম্যাচে দক্ষিণ আফ্রিকার সঙ্গে সমতা ফেরাল টাইগাররা : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অভিনন্দন
২। টেকসই সবুজ প্রবৃদ্ধির জন্য পরিবেশ সুরক্ষার আহ্বান প্রধানমন্ত্রীর
৩। চার লাখ প্রতিষ্ঠান মূসক দেয় না : অর্থমন্ত্রী
৪। ক্রয় কমিটিতে ৭ প্রস্তাব অনুমোদন
৫। বিদেশি বিনিয়োগে বড় বাধা চাহিদামতো জমি ও গ্যাস না পাওয়া : বাণিজ্যমন্ত্রী
৬। ঈদের ছুটিতে সরকারি হাসপাতালে রোগী সেবা নির্বিঘ্ন রাখতে হবে : স্বাস্থ্যমন্ত্রী
৭। কার্যকর গণমাধ্যমই গণতন্ত্র সুসংহত করে : তথ্যমন্ত্রী
৮। জনপ্রশাসন মন্ত্রণালয়ে ই-নথি চালু
৯। বিচার বিলম্বিতকরণ বরদাশত করা হবে না : নারায়ণগঞ্জে প্রধান বিচারপতি
১০। পানি ব্যবস্থাপনায় সুশাসন নিশ্চিত করার তাগিদ টিআইবি ও বাউইন-এর
১১। চাঁদাবাজির অভিযোগ পেলেই ব্যবস্থা : ডিএমপি কমিশনার
১২। গার্মেন্টস এলাকায় আগামী বুধবার ব্যাংক খোলা

চলমান পাতা/২

১। দ্বিতীয় একদিনের ওডিআই ম্যাচে দক্ষিণ আফ্রিকার সঙ্গে সমতা ফেরাল টাইগাররা
: রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অভিনন্দন

দক্ষিণ আফ্রিকার বিপক্ষে টানা তিন ম্যাচে হারার পরে দাপুটে জয় পেল বাংলাদেশ। গতকাল ১২ জুলাই রোববার মিরপুর শেরেবাংলা জাতীয় স্টেডিয়ামে প্রোটিয়াদের ৭ উইকেটে হারিয়েছে টাইগাররা। বোলারদের নৈপুণ্যে মাত্র ১৬২ রানে সফরকারীদের অলআউট করে দেওয়ার পরে সৌম্য সরকার ও মাহমুদুল্লাহর দুটি দারুণ ফিফটির ওপর ভর করে ১৩৪ বল হাতে রেখে জিতে তিন ম্যাচের সিরিজে ১-১ সমতায় ফেরাল স্বাগতিকরা।

সফররত দক্ষিণ আফ্রিকাকে দ্বিতীয় একদিনের আন্তর্জাতিক (ওডিআই) ম্যাচে পরাজিত করায় রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতীয় ক্রিকেট দলকে আন্তরিক অভিনন্দন জানিয়েছেন। সূত্র-ভোরের কাগজ, জনকণ্ঠ, ইত্তেফাক, প্রথম আলো, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডেসহ অধিকাংশ দৈনিক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২। টেকসই সবুজ প্রবৃদ্ধির জন্য পরিবেশ সুরক্ষার আহ্বান প্রধানমন্ত্রীর

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের টেকসই সবুজ প্রবৃদ্ধির জন্য পরিবেশ ও প্রতিবেশ সুরক্ষায় প্রত্যেক নাগরিককে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন। প্রধানমন্ত্রী বলেন, আমাদের 'জগৎ মাতার' সুরক্ষায় আমরা সবাই যত্নবান হলে সবুজ প্রবৃদ্ধি বিকাশের মাধ্যমে দেশের অপরিচ্ছন্ন পরিবেশের ব্যাপক পরিবর্তন আনতে পারি। তিনি গতকাল ১২ জুলাই রোববার ঢাকায় খামারবাড়ি কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে বিশ্ব পরিবেশ দিবস ও পরিবেশ মেলা-২০১৫ এবং জাতীয় বৃক্ষ রোপণ অভিযান ও বৃক্ষ মেলা ২০১৫ উদ্বোধন অনুষ্ঠানে ভাষণকালে এ আহ্বান জানান। প্রধানমন্ত্রী দেশের সব নাগরিককে পরিবেশ সম্পর্কে সচেতন ও পরিবেশ সুরক্ষায় উদ্যোগী হতে এবং প্রাপ্ত বয়স্ক প্রত্যেককে অন্তত ১টি বনজ, ১টি ফলদ ও ১টি ভেষজ বৃক্ষের চারা রোপণের আহ্বান জানান। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.৪), ইনকিলাব (পৃ.১,ক.৭), প্রথম আলো (পৃ.২,ক.২), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.২), ডেইলি স্টার (পৃ.৪,ক.৩)।

৩। চার লাখ প্রতিষ্ঠান মূসক দেয় না : অর্থমন্ত্রী

দেশে মূল্য সংযোজন কর (মূসক) দেওয়ার যোগ্য এমন ৩ থেকে ৪ লাখ প্রতিষ্ঠান মূসক দেয় না বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেন, আরও অধিক প্রতিষ্ঠান ভ্যাটের আওতায় আনা সম্ভব হলে বেশি মানুষকে সুবিধা দেওয়া যাবে। এজন্য ভ্যাট আদায়ে জনসচেতনতা বাড়াতে হবে। মানুষের সুযোগ-সুবিধা বাড়ানোর জন্যই করের আওতা বাড়ানো প্রয়োজন বলে উল্লেখ করেন তিনি। গতকাল ১২ জুলাই রোববার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনে কেন্দ্রে জাতীয় মূসক দিবস ২০১৫ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে অর্থমন্ত্রী এসব কথা বলেন। জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য মো. ফরিদ উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। বাণিজ্যমন্ত্রী বলেন, দেশে ১৮ লাখ টিআইএনধারী। এর মধ্যে কর দেয় মাত্র ১১ লাখ। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.৪), প্রথম আলো (পৃ.১৩,ক.২), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.১), ডেইলি স্টার বিজনেস (পৃ.১,ক.৪), নিউজ টুডে (পৃ.১,ক.৫)। ফিন্যানশিয়াল এক্সপ্রেস এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৪। ক্রয় কমিটিতে ৭ প্রস্তাব অনুমোদন

পল্লি বিদ্যুতের জন্য বৈদ্যুতিক খুঁটি ক্রয় প্রস্তাবসহ মোট ৭টি প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। গতকাল ১২ জুলাই রোববার সচিবালয়ে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়। বৈঠক শেষে মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব মোস্তাফিজুর রহমান সাংবাদিকদের জানান, ক্রয় কমিটির বৈঠকে মোট ৭টি প্রস্তাব অনুমোদন দেওয়া হয়েছে। অন্যান্য প্রস্তাবের মধ্যে পল্লি বিদ্যুতায়নের আওতায় ৪ হাজার ১৯০টি ডিস্ট্রিবিউশন ট্রান্সফরমার ও ৭ হাজার ৩৭৫ কিলোমিটার কন্ডাক্টর এসিএসআর বেয়ার ক্রয় এবং স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য ১৪তলা বিশিষ্ট ৫টি বহুতল ভবন নির্মাণের দর প্রস্তাব অনুমোদন দেওয়া হয়েছে। সূত্র-সংবাদ (পৃ.২,ক.৬), ইত্তেফাক (পৃ.৩,ক.৬), সমকাল (পৃ.২,ক.২), ফিনানশিয়াল এক্সপ্রেস (পৃ.৩,ক.৬)।

৫। বিদেশি বিনিয়োগে বড় বাধা চাহিদামতো জমি ও গ্যাস না পাওয়া : বাণিজ্যমন্ত্রী

বিদেশি বিনিয়োগের সবচেয়ে বড় বাধা হচ্ছে চাহিদামতো জমি ও গ্যাস না পাওয়া। জমির স্বল্পতার কারণে স্যামসাং আমাদের দেশে বিনিয়োগ করতে পারেনি। শুধু বিদেশি নয়, দেশেরও অনেকে বিনিয়োগ করতে পারছে না। দেশিয় অনেক প্রতিষ্ঠান আছে যারা ২০০-৩০০ কোটি টাকা বিনিয়োগ করে কারখানা করেছে তাদেরই গ্যাস সংযোগ দিতে পারছি না। এজন্য সম্ভাবনাময় স্থানে গ্যাস উত্তোলনের বিশেষ গুরুত্ব দিতে হবে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। গতকাল ১২ জুলাই রোববার রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০১৬-২০) দলিলের খাতভিত্তিক পরামর্শ সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-সংবাদ (পৃ.১,ক.২), জনকণ্ঠ (পৃ.১,ক.৪), প্রথম আলো (পৃ.১৩,ক.৬), ডেইলি সান (পৃ.৩,ক.৭)।

৬। ঈদের ছুটিতে সরকারি হাসপাতালে রোগী সেবা নির্বিঘ্ন রাখতে হবে : স্বাস্থ্যমন্ত্রী

আসন্ন ঈদের ছুটিতে সরকারি হাসপাতালে রোগী সেবা নির্বিঘ্ন রাখতে চিকিৎসকদের নির্দেশ দিয়েছেন

স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। মন্ত্রী বলেন, এক্ষেত্রে কোনো অভিযোগ পাওয়া গেলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে। রোস্টার পদ্ধতিতে সব হাসপাতালে চিকিৎসকদের উপস্থিতি নিশ্চিত করারও নির্দেশনা দেন তিনি। গতকাল ১২ জুলাই রোববার রাজধানীর জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতালে আকস্মিক পরিদর্শন শেষে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.৩), ইত্তেফাক (শেষ পৃ.,ক.৫), জনকণ্ঠ (পৃ.৩,ক.৭)।

৭। কার্যকর গণমাধ্যমই গণতন্ত্র সুসংহত করে : তথ্যমন্ত্রী

সাম্প্রতিককালে গণমাধ্যমের অনেক কাজ প্রশংসনীয়। জঙ্গীবাদ দমন ও যুদ্ধাপরাধীর বিচারে গণমাধ্যম বিশাল ভূমিকা রেখেছে। সরকার সবসময় গণমাধ্যমকে সঙ্গে নিয়ে কাজ করছে এবং ভবিষ্যতেও করবে। গণমাধ্যমের কর্মীদের সঙ্গে মতবিনিময় ও ইফতার মাহফিলে এসব কথা বলেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। এতে প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার বিশিষ্ট সাংবাদিকসহ সংস্কৃতি অঙ্গনের শিল্পীরা উপস্থিত ছিলেন। গতকাল ১২ জুলাই রোববার রাজধানীর বিয়াম ফাউন্ডেশনে অনুষ্ঠিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তথ্যমন্ত্রী আরও বলেন, কার্যকর গণমাধ্যমই গণতন্ত্রকে সুসংহত করে। সরকারের গঠনমূলক সমালোচনা ও সংশ্লিষ্ট বিষয়ে সুপরামর্শ দেওয়ার মাধ্যমে গণমাধ্যম এই কাজটি করতে পারে। সূত্র-জনকণ্ঠ (পৃ.২,ক.১), মানবজমিন (পৃ.২,ক.৫)।

৮। জনপ্রশাসন মন্ত্রণালয়ে ই-নথি চালু

জনপ্রশাসন মন্ত্রণালয়ে সব পর্যায়ে ই-নথি কার্যক্রম চালু করা হয়েছে। গতকাল ১২ জুলাই রোববার জনপ্রশাসন মন্ত্রণালয়ের সব কর্মকর্তাকে ই-নথি ব্যবহারের উপযোগী বাংলা ইউনিকোডের বিষয়ে প্রশিক্ষণ এবং জাতীয় ই-সেবা সিস্টেম ব্যবহারের জন্য আইডি ও পাসওয়ার্ড দেওয়া হয়েছে। গতকাল ১২ জুলাই রোববার মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ইসমাত আরা সাদেক মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরীর পাঠানো একটি ফাইল অনুমোদনের মাধ্যমে এ কার্যক্রমের উদ্বোধন করেন। সূত্র-সমকাল (পৃ.১৯,ক.৮), যায়যায়দিন (পৃ.৩,ক.৮)।

৯। বিচার বিলম্বিতকরণ বরদাশত করা হবে না : নারায়ণগঞ্জে প্রধান বিচারপতি

প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা বলেছেন, মামলার তারিখ দীর্ঘায়িত করে বিচার কাজ বিলম্বিতকরণ কোনভাবেই বরদাশত করা হবে না। তিনি স্বল্পদিনের ব্যবধানে মামলার তারিখ দেওয়ার নির্দেশ দেন। গাড়ি পোড়ানোর মামলার সুষ্ঠু তদন্তের নির্দেশ দিয়ে তিনি বলেন, পুলিশের দুর্বল তদন্তের কারণে বিচার বিভাগ নিয়ে রাজনীতিবিদরা অভিযোগের সুযোগ পান। গতকাল ১২ জুলাই রোববার নারায়ণগঞ্জ আদালতের বিচার কাজ পরিদর্শন শেষে জেলায় কর্মরত বিচারকদের সঙ্গে বিচার বিভাগীয় সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.১), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৪), প্রথম আলো (পৃ.৩,ক.১)।

১০। পানি ব্যবস্থাপনায় সুশাসন নিশ্চিত করার তাগিদ টিআইবি ও বাউইন-এর

বহুমুখী সমস্যা ও দুর্নীতির ভারে জর্জরিত বাংলাদেশের পানি খাতে সুশাসন নিশ্চিত করতে পানি ব্যবস্থাপনাকে জাতীয় শুদ্ধাচারের আওতায় আনার আহ্বান জানিয়েছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) ও বাংলাদেশ ওয়াটার ইন্টেগ্রিটি নেটওয়ার্ক (বাউইন)। গতকাল ১২ জুলাই রোববার টিআইবির ধানমন্ডির কার্যালয়ে 'বাংলাদেশের পানি ব্যবস্থাপনায় শুদ্ধাচার : বর্তমান প্রেক্ষিত ও উন্নয়ন সম্ভাবনা' শীর্ষক এক গবেষণা প্রতিবেদন উপস্থাপনকালে সংগঠন দু'টির নেতারা এ আহ্বান জানান। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৮), যুগান্তর (পৃ.১,ক.৬), প্রথম আলো (পৃ.৩,ক.২), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.১), নিউজ টুডে (পৃ.১,ক.৮)।

১১। চাঁদাবাজির অভিযোগ পেলেই ব্যবস্থা : ডিএমপি কমিশনার

ঢাকা মহানগর পুলিশ কমিশনার (ডিএমপি) মো. আছাদুজ্জামান মিয়া বলেছেন, রাজধানীর কোথাও চাঁদাবাজির অভিযোগ পেলে তাৎক্ষণিক ব্যবস্থা নেওয়া হবে। গতকাল ১২ জুলাই রোববার আজিমপুর গার্লস স্কুল অ্যান্ড কলেজ প্রাঙ্গণে দুস্থদের মধ্যে ঈদ বস্ত্র বিতরণ শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সম্প্রতি টিকাটুলীর রাজধানী সুপার মার্কেটে ক্ষমতাসীনদের চাঁদাবাজি ও হুমকি প্রসঙ্গে তিনি বলেন, চাঁদাবাজির সঙ্গে পুলিশ, পরিবহণের নেতাকর্মীসহ যার বিরুদ্ধে অভিযোগ আসবে তাৎক্ষণিক ব্যবস্থা নেওয়া হবে। সূত্র-সংবাদ (পৃ.১, ক.৮), ভোরের কাগজ (পৃ.১,ক.২), যায়যায়দিন (পৃ.৩,ক.২)।

১২। গার্মেন্টস এলাকায় আগামী বুধবার ব্যাংক খোলা

তৈরি পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারীদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে ১৫ জুলাই বুধবার গার্মেন্টস এলাকায় ব্যাংক খোলা থাকবে। গতকাল ১২ জুলাই রোববার বাংলাদেশ ব্যাংক এ তথ্য নিশ্চিত করেছে। বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক ঢাকা মহানগরী, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত পোশাক শিল্প এলাকার তফসিলি ব্যাংকের শুধু তৈরি পোশাক শিল্প সংশ্লিষ্ট শাখাসমূহ পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতকরণপূর্বক খোলা থাকবে। এছাড়াও বর্তমানে বিমান, সমুদ্র, নৌ ও স্থল বন্দরস্থ বাণিজ্যিক ব্যাংকের এডি শাখাসমূহ প্রতি শুক্র ও শনিবার এবং দেশের অপরাপর স্থানে অবস্থিত বাণিজ্যিক ব্যাংকের এডি শাখাসমূহ শনিবার স্বীয় বিবেচনায় খোলা রাখার নির্দেশনা বহাল রয়েছে। সূত্র-সংবাদ (পৃ.১৪,ক.২), ইত্তেফাক

(পৃ.২,ক.১), প্রথম আলো (পৃ.১২,ক.১), ডেইলি সান (পৃ.১,ক.১)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো, ডেইলি স্টার : ঢাকা শহরের যানজট, ট্রাফিক ও পরিবহণ ব্যবস্থাপনার চরম বিশৃঙ্খলা নিরসনে কার্যকর উদ্যোগ নেওয়ার আহ্বান;

খ. ইত্তেফাক : বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে সাড়ে ৭ শতাংশ হারে মূল্য সংযোজন কর আরোপ করায় শিক্ষা বাণিজ্যিক পণ্যে পরিণত হওয়ার আশঙ্কা প্রকাশ;

গ. জনকণ্ঠ, নিউ এজ : প্রায় এক হাজার শিল্প কারখানায় গ্যাস সংযোগ দেওয়ার সরকারি সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে এটি শিল্পায়ন প্রসারে ব্যাপক ভূমিকা রাখবে বলে মন্তব্য;

ঘ. সংবাদ : তৈরি পোশাক কারখানায় ১০ জুলাইয়ে বেতন বোনাস পরিশোধের কথা থাকলেও ৫০ শতাংশ কারখানাই প্রতিশ্রুতি রক্ষা করেনি উল্লেখ করে এসব কারখানার মালিকের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক ব্যবস্থা নেওয়ার দাবি;

ঙ. ইনকিলাব : বেপরোয়া দখল, দূষণ ও অব্যাহত পলি ভরাটে চট্টগ্রামের প্রাণ কর্ণফুলী নদী বিপন্ন হয়ে পড়ায় উদ্বেগ প্রকাশ করে অর্থনীতির জন্য গুরুত্বপূর্ণ এ নদী রক্ষায় দ্রুততম সময়ের মধ্যে ব্যবস্থা নেওয়ার সুপারিশ;

চ. ডেইলি সান : ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন নানা অব্যবস্থাপনা ও ঋণের দায়ে জর্জরিত হওয়ায় নব নির্বাচিত মেয়ররা এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ নিবেন এ প্রত্যাশা ব্যক্ত;

ছ. ইন্ডিপেনডেন্ট : পরিবেশ বিপর্যয় রোধ করতে ও অর্থনৈতিক উন্নয়নে বেশি করে গাছ লাগানোর ওপর গুরুত্বারোপ;

জ. নিউ নেশন : বিভিন্ন ফ্লাইওভার ও ফুট ওভারব্রিজ অপরাধীদের বিভিন্ন ধরনের অপরাধ সংগঠনের অভয়ারণ্যে পরিণত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার দাবি জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে দক্ষতা বৃদ্ধির মাধ্যমে আমাদের বিপুল জনসংখ্যাকে বোঝার বদলে সম্পদে পরিণত করতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত ‘ঈদ : সামাজিক ও অর্থনৈতিক গুরুত্ব’ শিরোনামের নিবন্ধে মো. আসাদুল্লাহ সমাজের সর্বস্তরের মানুষের বিশেষ করে ধনী-গরিবের মধ্যে বিদ্যমান বৈষম্য কমিয়ে আন্তরিক সম্মিলন ঘটানো ঈদের উদ্দেশ্য বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা